

স্মারক নং-০৮, ৬১৫২, ০০২, ০৩, ০০২, ২০২০-০৭

তারিখঃ ১৪/০১/২০২০ খ্রি.


**নিয়োগ বিজ্ঞপ্তি**

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' এর কার্যক্রমে 'তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র ময়মনসিংহ সদর উপজেলার ১১ (এগারো) টি ইউনিয়নে স্থায়ীভাবে বসবাসকারী শিক্ষিত ও বেকার যুবক/যুব মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং.	পদের নাম	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	১) ন্যূনতম স্নাতক/সমমান পাশ হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬ বা তদূর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে। ৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২	তালিকাকারী/গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাশ হতে হবে। ২) নিজস্ব স্মার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্টফোনের এক্সয়েড ভার্সন ৬ বা তদূর্ধ্ব এবং স্ক্রীন সাইজ ন্যূনতম ৫(পাঁচ) ইঞ্চি হতে হবে। ৪) ইংরেজি হাতের লেখা সহজে বোধগম্য হতে হবে এবং Intelligent Character Recognition (ICR) ফরমের সাথে লেখা সংগতিপূর্ণ হতে হবে। ৫) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে তালিকাকারী/গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

**শর্তাবলীঃ-**

- ০১) খানা তালিকা প্রণয়ন কার্যক্রমে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করা হবে বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনার দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ০২) প্রার্থীকে অবশ্যই ময়মনসিংহ সদর উপজেলার ১১ (এগারো) টি ইউনিয়নের নাগরিক হতে হবে।
- ০৩) প্রার্থীকে মাঠ পর্যায়ে (ডোর টু ডোর) কাজ করার মানসিকতা থাকতে হবে।
- ০৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী পূরণ সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ০৫) প্রার্থীদের সকল সনদের অনুলিপি সহ স্ব-হস্তে লিখিত আবেদনপত্র (হার্ডকপি) জমা দিতে হবে এবং প্রয়োজনীয় যাচাই-বাছাই পূর্বক ফলাফল প্রত্যুত করা হবে।
- ০৬) আবেদনপত্রের সাথে নিম্নের সকল কাগজপত্র জমা দিতে হবে:  
(ক) সম্পত্তি তোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি।  
(খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন ও নাগরিকত্ব সনদের ফটোকপি।  
(গ) সকল শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের ফটোকপি।
- ০৭) সরকারী/বেসরকারী কোন প্রকল্পে যেমন: স্কুল, কলেজ, মাদ্রাসা, কিন্ডারগার্টেন, এনজিও বা অন্য কোন প্রতিষ্ঠানে পার্টটাইম কর্মী হিসেবে নিয়োজিত থাকলে তার আবেদন করার প্রয়োজন নেই।
- ০৮) একজন ব্যক্তি কেবলমাত্র একটি পদে আবেদন করতে পারবেন। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯) তালিকাকারী/ গণনাকারী ও সুপারভাইজার এর পারিশ্রমিক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রদান করা হবে।
- ১০) আবেদনপত্র নিম্ন স্বাক্ষরকারীর ওয়েবসাইট ([www.mymensinghsadar.mymensingh.gov.bd](http://www.mymensinghsadar.mymensingh.gov.bd))/উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইট ([www.bbs.mymensinghsadar.mymensingh.gov.bd](http://www.bbs.mymensinghsadar.mymensingh.gov.bd))/ উপজেলা তথ্যকেন্দ্র/ ইউনিয়ন পরিষদ/ ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে সংগ্রহ করা যাবে।
- ১১) সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্বে পদের নাম, ইউনিয়ন, ওয়ার্ড ও গ্রামের নাম উল্লেখপূর্বক আগামী ২৩ জানুয়ারি ২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ে নির্ধারিত বক্সে নিজে অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ১২) নিয়োগের শর্তাবলী পূরণ সাপেক্ষে প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের প্রয়োজনে মৌখিক পরিক্ষা গ্রহণের মাধ্যমে নির্বাচিত করা হবে এবং নিয়োগের প্যানেল করা হবে।
- ১৩) প্রাথমিকভাবে বাছাইকৃত প্রার্থীদের মৌখিক পরিক্ষার তারিখ ও সময় ৩০ জানুয়ারি ২০২০ তারিখে নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে জানিয়ে দেওয়া হবে।
- ১৪) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবে এবং তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল হয়ে যাবে।
- ১৫) নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে নিম্ন স্বাক্ষরকারীর কা্যালয়ের নোটিশ বোর্ড এবং উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।
- ১৫) নিয়োগটি শুধুমাত্র খানা তালিকা প্রণয়ন/শুমারি কার্যক্রম চলমান সময় পর্যন্ত বলবৎ থাকবে এবং খানা তালিকা প্রণয়ন/শুমারি কার্যক্রম শেষ হওয়ার সাথে সাথে বাতিল বলে গণ্য হবে।
- ১৭) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম স্থগিত, বাতিল কিংবা সংযোজন ও বিয়োজনের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(শেখ হাফিজুর রহমান)  
উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

জনশুমারি ও গৃহগণনা -২০২১ এর তালিকাকারী/গণনাকারী  
ও সুপারভাইজার যাচাই বাছাই কমিটি  
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।